# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৪.১৩৮

তারিখ: ০১ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
১৬ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪(চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক এবং ২ (দুই) বছর মেয়াদি সার্টিফিকেট-ইন -মেরিন ট্রেড কোর্স শিক্ষাক্রমের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম পর্বের ৩য় পর্যায়ের আবেদন আগামি ২২.০৭.২০২৪ হতে ২৪.০৭.২০২৪ তারিখ পর্যন্ত চলবে। যে সকল শিক্ষার্থী কোন পর্যায়ে আবেদন করেনি কিংবা ১ম/২য় পর্যায়ে আবেদন করে চান্স পেয়ে নিশ্চায়ন করেনি এ সকল শিক্ষার্থীরা ৩য় পর্যায়ে আবেদন করতে পারবে। যে সকল শিক্ষার্থী ১ম ও ২য় পর্যায়ে আবেদন করে অপেক্ষমান তালিকায় রয়েছে, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তবে তারা চাইলে উক্ত তারিখের মধ্যে পছন্দক্রম পরিবর্তন করতে পারবে। ভর্তি আবেদন ফি প্রদান পদ্ধতিসহ আবেদনের নিয়মাবলী ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.btebadmission.gov.bd) পাওয়া যাবে।

১ম ও ২য় পর্যায়ে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন এবং ১ম/২য় পর্যায়ের ফলাফলে অপেক্ষমান তালিকায় থাকা শিক্ষার্থীসহ ৩য় পর্যায়ের আবেদনকৃত শিক্ষার্থীদের ফলাফল আগামি ২৮.০৭.২০২৪ ইং তারিখে প্রকাশিত হবে। ৩য় পর্যায়ের ফলাফলে চান্স প্রাপ্ত শিক্ষার্থীদের নিশ্চায়ন ২৮.০৭.২০২৪ তারিখ হতে ২৯.০৭.২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। অন্যথায় আবেদন ও নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য মাইগ্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের নতুন করে নিশ্চায়নের প্রয়োজন নেই। ভর্তি বিষয়ক যে কোন তথ্যর জন্য অফিস চলাকালীন সময়ে ০১৩২২৮৩০৩০৮, ০১৩২২৮৩০৩০৯ নম্বরে যোগাযোগের জন্য অনুরোধ করা হল।

১৬.৭.২৪

**(প্রকৌশলী মো: রকিব উল্লাহ)**
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
০৩-১০. মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/প্রাণী সম্পদ অধিদপ্তর/ মৎস্য অধিদপ্তর/ বন অধিদপ্তর/বিএমইটি।
১১-১৪. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইসিটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. অধ্যক্ষ, ৪(চার) বছর মেয়াদি ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান।
১৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। ।
১৭. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮. নথি।

১৬.০৭.২৪

**(প্রকৌশলী মোঃ ফারুক রেজা)**
কারিকুলাম বিশেষজ্ঞ (দা.ভোক:)
ও সমন্বয়ক
ডিপ্লোমা ও উচ্চ মাধ্যমিক পর্যায় ভর্তি কার্যক্রম
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা